অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং গার্হস্থ্য সহিংসতা প্রতিরোধের জন্য অফিস এজেন্সির 30 তম বার্ষিকী উদযাপনের উদ্দেশ্যে লাইসেন্স প্লেট পুনঃডিজাইন প্রতিযোগিতার কথা ঘোষণা করেছে

লাইসেন্স প্লেটগুলি নিউ ইয়র্ক স্টেটে গার্হস্থ্য সহিংসতার প্রতিক্রিয়ার 30 বছর পুরণের স্মারক

নিউ ইয়র্কবাসীরা তিনটি নতুন লাইসেন্স প্লেট ডিজাইনের একটিতে ভোট দিতে সক্ষম যা গার্হস্থ্য এবং যৌন সহিংসতা পরিষেবাগুলিকে আরও ভুক্তভোগী-কেন্দ্রিক, ট্রমা-অবহিত এবং সাংস্কৃতিকভাবে প্রতিক্রিয়াশীল করার জন্য রাজ্যের উৎর্গকে প্রতিফলিত করে

অক্টোবরে জাতীয় গার্হস্থ্য সহিংসতা সচেতনতা মাসে বিজয়ী নকশাটি ঘোষণা করা হবে

লাইসেন্স প্লেটের ডিজাইনের জন্য ভোট দিন এখানে

গভর্নর ক্যাথি হোকল এবং নিউ ইয়র্ক স্টেট অফিস ফর দ্য প্রিভেনশন অফ ডোমেস্টিক ভায়োলেন্স (New York State Office for the Prevention of Domestic Violence), নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিক্যালসের (New York State Department of Motor Vehicles) সাথে অংশীদারিত্বে, আজ নিউ ইয়র্কবাসীদের জন্য একটি নতুন কাস্টম স্টেট লাইসেন্স প্লেটের জন্য ভোট দেওয়ার উদ্দেশ্যে একটি প্রতিযোগিতার ঘোষণা করেছে৷ প্রিভেনশন অফ ডোমেস্টিক ভায়োলেন্সের (Office for the Prevention of Domestic Violence, OPDV) 30 তম বার্ষিকীর সম্মানে, তিনটি ডিজাইন ভুক্তভোগীদের শক্তি এবং স্থিতিস্থাপকতা এবং নিউ ইয়র্ক স্টেট তাদের সমর্থন করার জন্য যে অঙ্গীকারবদ্ধতা লালন করে তা প্রতিফলিত করে।বিজয়ী লাইসেন্স প্লেটটি 2022 সালের অক্টোবরে গার্হস্থ্য সহিংসতা সচেতনতা মাসের স্বীকৃতি হিসাবে ঘোষণা করা হবে, যা এটি লিঙ্গ-ভিত্তিক সহিংসতা সম্পর্কে সচেতনতা আনয়ন এবং কথোপকথন শুরু করার জন্য নিবেদিত একটি সময়।

"নিউ ইয়র্কে সহিংসতার কোন স্থান নেই, এবং এতে নিঃসন্দেহে মানসিক, শারীরিক এবং মানসিক ঘরোয়া সহিংসতা অন্তর্ভুক্ত," **গভর্নর হোকল বলেছেন।** "ভুক্তভোগীরা আমাদের মধ্যে

সব চেয়ে শক্তিশালী, এবং আমরা যখন OPDV-এর বার্ষিকী উদযাপন করছি তখন আমরা মনে রাখি যে আমরা কতদূর এসেছি এবং এই ঘৃণ্য সহিংসতা নির্মূলের জন্য এখনও কত কাজ করা বাকি আছে। আমার প্রশাসন কখনোই সহিংসতার শিকারদের পক্ষে প্রচারণা বন্ধ করবে না এবং আমি নিউ ইয়র্কবাসীদের তাদের প্রিয় স্মারক প্লেটের জন্য ভোট দিয়ে তাদের সমর্থন দেখানোর জন্য উৎসাহিত করি।"

গত 30 বছর ধরে, নিউ ইয়র্ক স্টেট অফিস ফর দ্য প্রিভেনশন অফ ডোমেস্টিক ভায়োলেন্স লিঙ্গ-ভিত্তিক সহিংসতার বিষয়ে নিবেদিত দেশের একমাত্র মন্ত্রিপরিষদ পর্যায়ের সংস্থা হিসেবে রয়ে গেছে। এজেন্সিটির লক্ষ্য হল নীতি, প্রোগ্রামিং এবং জনসচেতনতার মাধ্যমে সমস্ত নিউ ইয়র্কবাসীদের অন্তরঙ্গ সম্পর্কের ক্ষেত্রে নিরাপত্তা বাড়ানোর লক্ষ্যে গার্হস্থ্য ও যৌন সহিংসতার প্রতি নিউ ইয়র্ক স্টেটের প্রতিক্রিয়া এবং প্রতিরোধকে উন্নত করা।

অফিস ফর প্রিভেনশন অফ ডোমেস্টিক ভায়োলেন্সের নির্বাহী পরিচালক কেলি ওয়েনস বলেছেন, "গত 30 বছরে গার্হস্থ্য এবং যৌন সহিংসতার ভুক্তভোগীদের যা প্রয়োজন তা ব্যাপকভাবে প্রসারিত হয়েছে, কিন্তু পরিষেবাগুলি এই ক্রমবিবর্তনশীল চাহিদাগুলি পূরণ করার জন্য সমান তালে অগ্রসর হতে পারেনি৷ OPDV-এর 30 তম বার্ষিকীতে, গভর্নর হোকল OPDV-কে নির্দেশ দিচ্ছেন গার্হস্থ্য এবং যৌন সহিংসতার পরিষেবার সরবরাহ ব্যবস্থাকে আরও ভুক্তভোগী-কেন্দ্রিক, ট্রমা-অবহিত, এবং সাংস্কৃতিকভাবে প্রতিক্রিয়াশীল করার জন্য রূপান্তর করতে। নতুন "এন্ড ডোমেস্টিক ভায়োলেন্স" লাইসেন্স প্লেট ডিজাইনের জন্য ভোট দেওয়া হল সেই পথ যা ব্যবহার করে যে কোনও নিউ ইয়র্কবাসী তাদের সমর্থন দেখাতে পারেন এবং নিউ ইয়র্কে লিঙ্গ-ভিত্তিক সহিংসতা বন্ধ করতে সহায়তা করতে পারেন৷"

মোটরযান বিভাগের কমিশনার মার্ক জে. এফ. শ্রোডার বলেছেন, "আমরা নিউ ইয়র্কবাসীদের একটি নতুন লাইসেন্স প্লেট নির্বাচন করার এই সুযোগ দিতে পেরে গর্বিত যা গার্হস্থ্য সহিংসতা বন্ধ করার জন্য আমাদের বার্তাকে শক্তিশালী করবে এবং ভুক্তভোগীদের সহায়তা প্রদান করবে৷ আয়ের একটি অংশ সরাসরি গার্হস্থ্য সহিংসতা সচেতনতা উদ্যোগগুলিকে সমর্থন করার উদ্দেশ্যে প্রদান করা হবে।"

অক্টোবরে, নির্বাচিত লাইসেন্স প্লেটটি DMV-র ওয়েবসাইট বা আপনার স্থানীয় DMV অবস্থান থেকে অর্ডার করা যেতে পারে। প্লেট থেকে অর্জিত রাজস্ব প্রোগ্রামিং এবং জনসচেতনতার মাধ্যমে লিঙ্গ-ভিত্তিক সহিংসতা বন্ধ করতে OPDV-এর অব্যাহত কাজকে সমর্থন করবে। এই বছরের OPDV লাইসেন্স প্লেট ডিজাইনের জন্য ভোট দিন এখানে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন